



দর্শন বিভাগে নবীন বরণ ও বিদায় অনুষ্ঠান



১৬ নভেম্বর ২০২৩-বৃহস্পতিবার বিশ্ব দর্শন দিবস উপলক্ষে দর্শন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে আলোচনা সভা এবং উক্ত বিভাগের (১৬তম থেকে ১৮তম) ব্যাচের নবীন বরণ ও (১১তম থেকে ১৩তম) ব্যাচের শিক্ষার্থীদের বিদায় অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বলেন, “যেসকল শিক্ষার্থীরা দর্শন নিয়ে পড়াশুনা করে তারা সাম্প্রদায়িক হবে না আমি এবিষয়ে একমত। এই বিশ্ববিদ্যালয় নিয়ে শিক্ষার্থীদের আলাদা আবেগ রয়েছে যে কারণে তারা অনেক উৎফুল্ল থাকে। আমাদের ভালো মানুষ হতে হবে এবং কথায় ও কাজে ব্যবধান দূর করতে হবে।”

তিনি আরো বলেন, “জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ভর্তি হওয়ার পর থেকেই সংগ্রাম শুরু করে, তাদের মধ্যে বেঁচে থাকার তাড়না তৈরি হয় আর এই তাড়না থেকেই তারা বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় সহজেই সফল হয়। যেকোনো জায়গায় নিজেদের খাপ খাইয়ে নিতে পারে, এটাই এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সবচেয়ে বড় অর্জন ও বড় সম্পদ।”

দর্শন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ হাফিজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম।

আলোচনা সভায় প্রধান বক্তা হিসেবে ছিলেন গ্লোবাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. আনিসুজ্জামান এবং আলোচক হিসেবে ছিলেন বিভাগীয় অধ্যাপক ড. মোঃ লুৎফর রহমান। এছাড়াও



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



স্বাগত বক্তব্য প্রদান করেন অনুষ্ঠানের আহবায়ক অধ্যাপক ড. মো. তৌহিদুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অধ্যাপক ড. সিদ্ধার্থ শংকর জোয়াদ্দার।

এসময় বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থী নবীন শিক্ষার্থীদের বরণ করে নেয় এবং বিদায়ী শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয়।

উল্লেখ্য বিশ্ব দর্শন দিবস ইউনেস্কো কর্তৃক ঘোষিত একটি আন্তর্জাতিক দিবস যা প্রতি বছর নভেম্বর মাসের ৩য় বৃহস্পতিবার পালিত হয়।